



বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

পে: কার্ডেট কলেজ, বরিশাল

BARISAL PALLI BIDYUT SAMITY-2



ফোন : অফিস ০২-৫৫০৬১৬১৮, অভিযোগ কেন্দ্র ০২-৫৫০৬১৬১১, ই-মেইল-barisalpbs2@gmail.com, ওয়েব সাইট-www.pbs2.barisal.gov.bd

স্মারক নং- ২৭.১২.০৬০৩.৫২৮.০১.০৩৮.২৪. ৩৯৩৯

তারিখঃ ০৫/০১/১৪৩১ বঙ্গাব্দ
১৮/০৪/২০২৪ ইং


দরপত্র বিজ্ঞপ্তি

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকায় পবিস নির্দেশিকা ১০০-৪১/৪২ অনুযায়ী রক্ষনাবেক্ষনের আওতায় বিনষ্ট পোল পরিবর্তন, পুশ পোল স্থাপন, তার পরিবর্তন সহ ইত্যাদি রক্ষনাবেক্ষন কাজ এবং ডিপোজিটের আওতায় লাইন নির্মাণ / আপগ্রেডেশন ও স্থানান্তর কাজের জন্য অত্র সমিতির ২০২৩-২৪ অর্থ বৎসরের নবায়নকৃত স্থায়ী ও সাময়িক তালিকাভুক্ত/পূর্ব-যোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্মে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত কাজসমূহের বিপরীতে এলটিএম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিড প্যাকেজ নং	সমিতির নাম	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেস্টমানির পরিমাণ (টাকা)	কার্য সময়	বিড প্যাকেজের মূল্য (অফেরতযোগ্য)
১	W.২৩.২৪.২৮.০৪- ০০১	বরিশাল পবিস-২	রক্ষনাবেক্ষনের আওতায়	১০,০০,০০০.০০	৩০,০০০.০০	৬০ দিন	১০০০.০০
২	W.২৩.২৪.২৮.০৪- ০০২	বরিশাল পবিস-২	রক্ষনাবেক্ষনের আওতায়	১০,০০,০০০.০০	৩০,০০০.০০	৬০ দিন	১০০০.০০
৩	W.২৩.২৪.২৮.১৮- ০০২	বরিশাল পবিস-২	ডিপোজিটের আওতায়	১০,০০,০০০.০০	৩০,০০০.০০	৬০ দিন	১০০০.০০


- ০১। আগামী ০২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রবিবার বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সীলমোহরকৃত দরপত্র প্রশাসন বিভাগে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতা বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- ০২। নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন সাপেক্ষে দরপত্র দলিল বরিশাল পবিস-২ হতে আগামী ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (সকাল ৯টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত) প্রতিটি বিড প্যাকেজ এলটিএম দরপত্র নগদ মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।
- ০৩। দরপত্র দাখিলের সময় দরপত্র দলিলের সংগে উদ্ধৃত মূল্যের ৩% (শতকরা তিন ভাগ) হারে আর্নেস্ট মানি জেনারেল ম্যানেজার, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সহিত জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্ট মানি ছাড়া দরপত্র বেধ বলে গন্য হবে না।
- ০৪। উদ্ধৃত দর সরকারী বিধি মোতাবেক মূল্য সংযোজন করসহ বলে বিবেচিত হবে। পৃথক ভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৫। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা দরপত্রে ফর্মে পূরন করতে হবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই প্রয়োজনীয় সংখ্যক বাপবিবো এর প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যানের সনদ সহ প্রয়োজনীয় কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরপত্রের সহিত জমা দিতে হবে।
- ০৬। দরপত্র ক্রয়ের সময় দরদাতা প্রতিষ্ঠানের ২০২৩-২৪ অর্থবছরের হালনাগাদ নবায়ন/ সাময়িক দপ্তরাদেশ, হালনাগাদ এ বি সি ঠিকাদারী ও সুপারভাইজারী লাইসেন্স, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, হালনাগাদ আয়কর সনদ এবং ৫ লক্ষ টাকার কাজ করার ক্ষমতা সম্বলিত ব্যাংক সলভেন্সি সনদ, মালিকানা নোটারী ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে দরপত্র বিক্রয় করা হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দরপত্রের সহিত জমা দিতে হবে।
- ০৭। ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৮। একই ব্যক্তির একাধিক মিনি ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব গ্রহণযোগ্যতা পাবে না। কোন প্রতিষ্ঠানের বিপরীতে কার্যাদেশ চলমান থাকলে দরপত্র গ্রহণ যোগ্য হবেনা।

- ০৯। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। দরপত্রে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১১। কোন দরপত্রই বাপবিবো/ পবিস কর্তৃক নির্ধারিত রেট সিডিউল এর ৫% অপেক্ষা বেশী নিম্ন দর এবং নির্ধারিত রেট সিডিউল এর উর্ধ্বে প্রদানকৃত দরপত্র গ্রহণ যোগ্য নয়।
- ১২। দাখিলকৃত দরপত্রে প্রয়োজনীয় সকল দলিলাদিতে সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে। অন্যথায় মূল্যায়ন কার্যক্রমে উক্ত দরপত্রটি আনা হবে না।


(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার।(চঃদাঃ)

অনুলিপিঃ

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ০২। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বরিশাল।
- ০৩। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/গৌরনদী/আগৈলঝাড়া/ উজিরপুর জোনাল অফিস, বরিশাল পবিস-২।
- ০৪। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/ ওএন্ডএম/ আইটি/ইএন্ডসি/ মানবসম্পদ) বরিশাল পবিস-২।
- ০৫। মেসার্স
- ০৬। নোটিশ বোর্ড, বরিশাল পবিস-২।


(প্রকৌঃ মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার।(চঃদাঃ)



